" শেখ হাসিনা উদ্যোগ-ঘরে ঘরে বিদ্যুৎ "


বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD

ISO 9001, ISO 14001 & OHSAS 18001 Certified

প্রধান প্রকৌশলী (প্রকল্প)-এর দপ্তর
সদর দপ্তর ভবন, ঢাকা-১২২৯
ফোনঃ +৮৮ ০২ ৮৯০০৩১০, ৮৯০০৫১০
e-mail: cepbreb@gmail.com


স্মারক নং-২৭.১২.২৬৩৭.০০৮.০৬.০০৫.১৮.৬৩৮

তারিখঃ ১৬ মাঘ, ১৪২৪ বঙ্গাব্দ। / ২৯ জানুয়ারি, ২০১৮ খ্রষ্টাব্দ।

**বিষয় ঃ বাপবিবোর্ডের কুমিল্লা জোনভূক্ত ০৭টি পবিস এর উপজেলা শতভাগ বিদ্যুতায়নসহ অন্যান্য কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিরনী।**

কুমিল্লা জোন এর আওতাভূক্ত কুমিল্লা পবিস-১,২,৩,৪ ও চাঁদপুর পবিস-১/২ এর উপজেলা শতভাগ বিদ্যুতায়নসহ অন্যান্য কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলী, সংশ্লিষ্ট সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, ডিজিএম (কারিগরী), রিটেইনার প্রকৌশলী এবং অন্যান্য কর্মকর্তাদের সাথে একটি সভা অনুষ্ঠিত হয়ঃ

**সভাপতিঃ মেজর জেনারেল মঈন উদ্দিন(অবঃ), চেয়ারম্যান, বাপবিবোর্ড।**
**স্থান ঃ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কুমিল্লা জোন-এর সম্মেলন কক্ষ।**
**তারিখ ঃ ২৬/০১/২০১৮ খ্রিঃ, শুক্রবার।**
**সময় ঃ বিকাল ৪ঃ৩০ ঘটিকা।**

২। সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। শুরুতে উপজেলা শতভাগ বিদ্যুতায়ন কার্যক্রমের বিষয়ে আলোকপাত করা হয়। বাপবিবোর্ডের আওতাভূক্ত এলাকার ৪৬০ টি উপজেলার মধ্যে ডিসেম্বর ২০১৭ পর্যন্ত ১৪৭ টি উপজেলা শতভাগ বিদ্যুতায়িত হয়েছে। মার্চ ২০১৮ এর মধ্যে ৫৯ টি, জুন ২০১৮ এর মধ্যে ৮৪ টি এবং সেপ্টেম্বর ২০১৮ এর মধ্যে অবশিষ্ট ১৭০ টি উপজেলা শতভাগ বিদ্যুতায়নের লক্ষ্যে বাপবিবোর্ডের কার্যক্রম পরিচালিত হচ্ছে। দেশের স্বার্থে এ কার্যক্রম বাস্তবায়নে সকলকে একযোগে কাজ করার আহ্বান জানানো হয়। শতভাগ বিদ্যুতায়ন কার্যক্রম সরকারের সর্বস্তরে প্রশংসিত হয়েছে। কিন্তু বিভিন্ন পর্যায় হতে উত্থাপিত দুর্নীতির অভিযোগ আমাদের এ অর্জনকে ম্লান করে দিচ্ছে। দুর্নীতির বিরুদ্ধে বাপবিবোর্ডের অবস্থান স্পষ্ট করার জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। ২.৫ কোটি লিফলেট, ১৬ লক্ষ পোষ্টার, মসজিদের ইমামদের উদ্দেশ্যে দুর্নীতির বিরুদ্ধে জুমার নামাজের খুৎবায় বক্তব্য রাখার জন্য অনুরোধ জানিয়ে লেখা ৩ লক্ষ চিঠি ছাপানো হয়েছে। পবিসসমূহকে পিক আপের মাধ্যমে ৩১/০১/২০১৮খ্রিঃ এর মধ্যে বাপবিবোর্ডের সদর দপ্তর হতে এগুলো সংগ্রহ করতঃ লাগানো/বিতরণের ব্যবস্থা গ্রহন করতে হবে। এমনকি শতভাগ বিদ্যুতায়িত উপজেলাগুলোতেও পোষ্টার লাগাতে হবে। এছাড়া, সকল এলাকায় ব্যাপক মাইকিং এর ব্যবস্থা করতে হবে।

এরপর, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কুমিল্লা জোন কর্তৃক জোনভূক্ত পবিসসমূহে চলমান কার্যক্রমের তথ্য উপস্থাপিত হয়। কুমিল্লা জোনের ৭টি পবিস-এ ৩২টি উপজেলার মধ্যে ১৫টি উপজেলা ইতোমধ্যে শতভাগ বিদ্যুতায়ন করা হয়েছে। অবশিষ্ট ১৭ টি উপজেলা যথাসম্ভব শীঘ্র শতভাগ বিদ্যুতায়নের লক্ষ্যে পবিসভিত্তিক চলমান কার্যক্রম পর্যালোচনা করা হয়।

০৩॥ পর্যালোচনা ঃ

৩.১॥ কুমিল্লা পবিস-১ ঃ

কুমিল্লা পবিস-১ এ জুন'১৮ এর মধ্যে দেবিদ্বার উপজেলা এবং সেপ্টেম্বর'১৮এর মধ্যে বরুড়া, মুরাদনগর, চান্দিনা উপজেলার শতভাগ বিদ্যুতায়নের প্রয়োজনীয় কার্যক্রম শুরু করা হয়েছে। এ বিষয়ে নির্বাহী প্রকৌশলী ও জেনারেল ম্যানেজার জানান যে, সেপ্টেম্বর'১৮ এর মধ্যে শতভাগ বিদ্যুতায়ন শেষ করতে হলে ফেব্রুয়ারী হতে জুলাই'১৮ পর্যন্ত প্রতি মাসে ৩ হাজার করে মোট ১৮ হাজার খুটির যোগান দিতে হবে। তাছাড়া উপজেলা সমূহ শতভাগ বিদ্যুতায়ন অসম্ভব হয়ে পড়বে।

কুমিল্লা পবিস-১ এর জাঙ্গালিয়া গ্রীড হতে বরুড়া ফিডারটি কুমিল্লা পবিস-৪ সাময়িক ভাবে ব্যবহার করছে। এ বিষয়ে জেনারেল ম্যানেজার ও তত্ত্বাবধায়ক প্রকৌশলী জানান আগামী গ্রীষ্মের পূর্বেই উক্ত ফিডারটি কুমিল্লা পবিস-১ কে হস্তান্তর না করলে ভারত থেকে আমদানিকৃত অতিরিক্ত ৬৫ মেঃওঃ (রেশিও অনুযায়ী) বিদ্যুৎ ব্যবহার করা যাবে না। কুমিল্লা পবিস-৪ এর জেনারেল ম্যানেজার জানান জাঙ্গালিয়া গ্রীড হতে ১.৫ কিঃ মিঃ ৩৩ কেভি সোর্স লাইন নির্মাণ করলে বা ফেনী গ্রীড হতে ঢালুয়া পর্যন্ত (নাঙ্গলকোট-১) ৩৩ কেভি লাইন সম্পন্ন হলে কুমিল্লা পবিস-১ এর ৩৩ কেভি লাইনটি হস্তান্তর করা সম্ভব হবে। পরবর্তীতে নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, কুমিল্লা (দক্ষিণ) জানান জাঙ্গালিয়া হতে বিশ্বরোড পর্যন্ত ১.৫ কিঃমিঃ লাইন নির্মানের কোন রুট পাওয়া যাচ্ছে না। ইতিপুর্বে জাঙ্গালিয়া হতে লালবাগ পর্যন্ত ৩৩ কেভি লাইনটি নির্মানের সময় স্থানীয় জনসাধারণ কর্তৃক ব্যাপক বাধার সম্মুখিন হতে হয়। বাধার কারনে কুমিল্লা পবিস-২ এর বাগমারা ৩৩ কেভি ফিডারের সাথে ডাবল সার্কিট করে নির্মান কাজ সম্পন্ন করা হয়।

বর্তমানে শুধুমাত্র উক্ত ডাবল সার্কিটটি ১.৫ কিঃমিঃ ট্রিপল সার্কিট ও ১ কিমিঃ ডাবল সার্কিট লাইন নির্মান করা হলে কুমিল্লা পবিস-৪ কর্তৃক বরুড়া ফিডারটি কুমিল্লা পবিস-১ কে ফেরত প্রদান করা যাবে। তাছাড়া ফেনী গ্রীড হতে ঢালুয়া পর্যন্ত ৩৩ কেভি নির্মানাধীন লাইনটি আগামী ফেব্রুয়ারী'১৮ খ্রিঃ এর মধ্যে নির্মান কাজ সম্পনের প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়েছে।

৩.২॥ কুমিল্লা পবিস-২ ঃ

কুমিল্লা পবিস-২ এর ০৫টি উপজেলার মধ্যে আদর্শ সদর জুন'১৬ খ্রিঃ, সদর দক্ষিন সেপ্টেম্বর'১৭ খ্রিঃ, বি-পাড়া ও বুড়িচং উপজেলা ডিসেম্বর'১৭ খ্রিঃ-এ শতভাগ বিদ্যুতায়ন সম্পন্ন হয়েছে। মার্চ'১৮ খ্রিঃ এর মধ্যে চৌদ্দগ্রাম উপজেলা শতভাগ বিদ্যুতায়ন সম্পন্ন হবে। এজন্য ১৪৪ কিঃমিঃ লাইন নির্মান কাজ সম্পন্ন করতে হবে।

সিএসডিপি-২ এর প্রকল্পের আওতায় বি-পাড়া-২ (বড়ধুসিয়া) উপকেন্দ্রের মাটি ভরাটের কাজ শেষ পর্যায়ে আছে। তবে জমির মালিকগণ এর বাধার কারনে কাজ বন্ধ রয়েছে। তাদের দাবী ক্ষতিপূরন বাবদ যে টাকা প্রদান করা হয়েছে তা অপর্যাপ্ত। বাড়তি বা অতিরিক্ত অর্থ না দিলে নির্মাণ কাজ করতে দেবে না।

কুমিল্লা পবিস-২ এর ১.৫ এমসিসিপি প্রকল্পের আওতায় বুড়িচং-২ (পারুয়ারা) নির্মিতব্য উপকেন্দ্র এর জমি অধিগ্রহণে জমির মালিকের রীট আবেদনের প্রেক্ষিতে মহামান্য হাইকোট কর্তৃক অধিগ্রহন কার্যক্রমের উপর স্থগিতাদেশ প্রদান করেন। মহামান্য হাইকোটের স্থগিতাদেশ বাপবিবো এর লিগ্যাল এ্যাফেয়ার্স কর্তক Vacate করণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। তাছাড়া বিকল্প হিসাবে জমি ক্রয়ের ব্যবস্থা নিতে হবে।

দেবপুর গ্রীড এ কুমিল্লা পবিস-১ এর জন্য ইতোপূর্বে স্থাপিত সুইচিং ষ্টেশনে ০৪টি ব্রে-ব্রেকার সম্প্রসারণের কাজ ইউআরইডিএস;ডিসিএসডি প্রকল্পের মাধ্যমে নির্মান এর কার্যক্রম গ্রহন করা হয়েছে। উক্ত কাজের সংগে অতিরিক্ত ০২টি ব্রে-ব্রেকার স্থাপন করা হলে একই সংগে কুমিল্লা পবিস-২ এর চাহিদা পুরণ হবে।

৩.৩॥ **কুমিল্লা পবিস-৩ ঃ**

কুমিল্লা পবিস-৩ এর ০৬টি উপজেলার মধ্যে ০৪টি উপজেলা বাঞ্ছারামপুর, হোমনা, তিতাস ও মেঘনা ডিসেম্বর/১৭ খ্রিঃ এর মধ্যে শতভাগ বিদ্যুতায়ন কাজ সম্পন্ন করা হয়েছে। অবশিষ্ট ০২টি উপজেলা আগামী মার্চ/১৮ খ্রিঃ এর মধ্যে শতভাগ বিদ্যুতায়ন কাজ সম্পন্ন করতে হবে। তন্মধ্যে দাউদকান্দি উপজেলায় ১৩৫ কিঃমিঃ এবং গজারিয়া উপজেলায় ৬৮ কিমিঃসহ মোট ২০৩ কিমিঃ লাইন নির্মান কাজ সম্পন্ন করতে হবে। নির্বাহী প্রকৌশলী জানান যে, বর্তমানে উক্ত পবিসে লাইন নির্মান মালামালের ঘাটতি নাই। তবে মিটার সংযোগের জন্য ৫/১০ কেভিএ ট্রান্সফরমারের স্বল্পতা রয়েছে।

কুমিল্লা পবিস-৩ এর বাঞ্ছারামপুর উপকেন্দ্রের জমি ক্রয়ের বিষয়ে আলোচনান্তে জেনারেল ম্যানেজার জানান যে, ইতিপূর্বে উক্ত উপকেন্দ্রের জন্য ৪০ শতাংশ জমির মূল্য ঠিক করে ২০ শতাংশ জমি ক্রয় করা হয়েছে। বাকী ২০ শতাংশ জমি রেজিষ্ট্রি হয়নি। স্থানীয় পত্রিকায় জমি ক্রয় নিয়ে নেতিবাচক খবর প্রকাশিত হওয়ায় রেজিষ্ট্রির কার্যক্রম বন্ধ আছে। এ বিষয়ে নির্বাহী প্রকৌশলী, কুমিল্লা (উত্তর) ও জেনারেল ম্যানেজার জানান ইনডোর টাইপ উপকেন্দ্র ২০ শতাংশ জমির মধ্যে নির্মাণ করা সম্ভব হবে। এবিষয়ে বাপবিবোর্ডের উপকেন্দ্র নির্মাণ বিভাগসহ সংশ্লিষ্ট দপ্তরের মতামত প্রয়োজন।

দাউদকান্দি (তিতাস) গ্রীড হতে কুমিল্লা পবিস-১ এর মুরাদনগর-২ উপকেন্দ্র ও চাঁদপুর পবিস-২ এর মতলব (উত্তর) পর্যন্ত ৩৩ কেভি লাইন নির্মান কাজ চলমান আছে। উক্ত সংযোগ প্রদানের জন্য দাউদকান্দি (তিতাস) গ্রীড উপকেন্দ্রের ক্ষমতা বৃদ্ধির জন্য ০১টি অতিরিক্ত ৫০/৭৫ এমভিএ ট্রান্সফরমার আগামী এপ্রিল'১৮ এর মধ্যে স্থাপনের বিষয়ে পিজিসিবি-বাপবিবো এর কারিগরী সভায় সিদ্ধান্ত গ্রহন করা হয়েছে। উক্ত কাজ ত্বরান্বিত করার জন্য নির্বাহী প্রকৌশলী বাপবিবোর্ডের উর্দ্ধতন কর্তৃপক্ষের হস্তক্ষেপ কামনা করেন।

৩.৪॥ **কুমিল্লা পবিস-৪ ঃ**

কুমিল্লা পবিস-৪ এর ০৩টি উপজেলার মধ্যে নাঙ্গলকোট উপজেলা ডিসেম্বর/১৭ খ্রিঃ এর মধ্যে শতভাগ বিদ্যুতায়ন কাজ সম্পন্ন করা হয়েছে। অবশিষ্ট ০২টি উপজেলার মধ্যে লাকসাম মার্চ/১৮ খ্রিঃ এবং মনোহরগঞ্জ জুন/১৮ খ্রিঃ এর মধ্যে শতভাগ বিদ্যুতায়নের কাজ সম্পন্ন হবে। নির্বাহী প্রকৌশলী জানান উক্ত লাইন সমূহ নির্মানের জন্য ষ্টোরে প্রয়োজনীয় মালামালের মজুদ আছে। কুমিল্লা পবিস-৪ এর সদর দপ্তর কমপ্লেক্স নির্মানের জন্য জমি অধিগ্রহন ডিএনই ১০০% (ডিএমসিএস) প্রকল্পে সংস্থান রয়েছে। এ বিষয়ে নির্বাহী প্রকৌশলী অবহিত করেন যে ইতিমধ্যে জমি অধিগ্রহনের প্রস্তাব অনুমোদনের জন্য ঢাকায় প্রেরণ করা হয়েছে।

৩.৫॥ **চাঁদপুর পবিস-১ ঃ**

চাঁদপুর পবিস-১ এর ০৩টি উপজেলার মধ্যে ০২টি উপজেলা শাহরাস্তি, হাজীগঞ্জ জুন/১৮ এবং কচুয়া উপজেলা সেপ্টেম্বর/১৮ এর মধ্যে শতভাগ বিদ্যুতায়নের কাজ সম্পন্নের কার্যক্রম চলছে। নির্বাহী প্রকৌশলী সভায় অবহিত করেন যে, বর্তমানে ষ্টোরে খুটি ও সার্ভিস ড্রপ তার ঘাটতি রয়েছে। উক্ত উপজেলা সমূহের কাজ সম্পন্ন করতে হলে প্রায় ৪(চার) হাজার খুটি ও ৩৫০ কিমিঃ সার্ভিস ড্রপ তার প্রয়োজন। ইতোমধ্যে প্রায় ০২(দুই) হাজার খুটি সংস্থান সম্ভব

হয়েছে। বাকী ০২(দুই) হাজার খুটি জরুরী ভিত্তিতে বরাদ্দ না হলে নির্ধারিত সময়ে শতভাগ বিদ্যুতায়নের কাজ বাধাগ্রস্ত হবে। তৎপ্রেক্ষিতে প্রয়োজনীয় খুটি ও সার্ভিস ড্রপ বরাদ্ধ প্রদান করার জন্য পরিচালক, এমপিএসএস পরিদপ্তরকে টেলিফোনিক নির্দেশনা প্রদান করা হয়।

৩.৬॥ **চাঁদপুর পবিস-২ ঃ**

চাঁদপুর পবিস-২ এর শতভাগ বিদ্যুতায়নের সিডিউল মোতাবেক হাইমচর উপজেলা মার্চ/১৮ এর মধ্যে এবং মতলব (দক্ষিণ) ও চাঁদপুর সদর উপজেলার জুন/১৮ এর মধ্যে সম্পন্নের বিষয়ে জেনারেল ম্যানেজার ও নির্বাহী প্রকৌশলী জানান যে, চাঁদপুর সদর উপজেলার অধিকাংশ কাজ সম্পন্ন হয়েছে। কাজেই উপজেলাটি জুন -২০১৮ এর পরিবর্তে মার্চ/১৮ এর মধ্যে শতভাগ বিদ্যুতায়ন করা সম্ভব হবে। অন্যান্য উপজেলাগুলোর কাজ নির্ধারিত সময়ে সম্পন্ন হবে।

৩.৭॥ **ফোর্স লোডশেড ঃ**

০৬টি পবিস-এর সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজারগণের নিকট ফোর্স লোডশেড সম্পর্কে জিজ্ঞাসার প্রেক্ষিতে কুমিল্লা পবিস-২ এর সিনিয়র জেনারেল ম্যানেজার জানান যে, চৌদ্দগ্রাম ৩৩ কেভি ফিডারটি ওভার লোডেড থাকায় কুমিল্লা দক্ষিণ গ্রীড হতে লালবাগ পর্যন্ত নির্মিত লাইনটি বিদ্যুতায়নের মাধ্যমে ওভার লোড সমস্যা সমাধান করা যাবে। কুমিল্লা পবিস-৩ এর জেনারেল ম্যানেজার জানান যে, বর্তমান মাসের মধ্যে উক্ত পবিস এর ওভার লোডিং সমস্যা সমাধান হবে। অন্যান্য পবিসের জেনারেল ম্যানেজারগন জানান যে, তাদের পবিসসমূহে কোন ওভার লোডজনিত সমস্যা নাই।

৩.৮॥ **মালামাল পরিবহন সংক্রান্ত সমস্যা ঃ**

চাঁদপুর পবিস-১/২ এবং কুমিল্লা পবিস-৩ এর গজারিয়া উপজেলায় নির্মান ঠিকাদারগন ষ্টোর হতে সাইটে মালামাল পরিবহনকালে স্থানীয় পুলিশ কর্তৃক বাধার সম্মুখীন হয়। ফলে মালামাল পরিবহন বিঘ্নিত হওয়াসহ শতভাগ বিদ্যুতায়নের জন্য লাইন নির্মান কাজ বাধাগ্রস্ত হচ্ছে। এ বিষয়ে চাঁদপুর পবিস-১/২ এর জেনারেল ম্যানেজারগন এবং নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, কুমিল্লা (উত্তর) কর্তৃক সমস্যার বিস্তারিত তথ্য সভায় অবহিত করা হয়। চাঁদপুর পবিস-২ এর জেনারেল ম্যানেজার জানান যে, ইতোমধ্যে এ বিষয়ে চাঁদপুর জেলার জেলা প্রশাসক ও পুলিশ সুপার এর সাথে আলোচনা হওয়ার প্রেক্ষিতে বাধার পরিমাণ কিছুটা প্রশমিত হয়েছে। বিষয়টি মাননীয় ত্রাণ মন্ত্রী কে অবহিত করা হয়েছে।

৩.৯॥ **পবিস তহবিল ফান্ড হতে মালামাল ক্রয় ঃ**

বাপবিবোর্ডের বিভিন্ন প্রকল্পে ইতোমধ্যে ১৯ (উনিশ) লক্ষ পোল ও ৯৩ (তিরানব্বই) লক্ষ মিটার ক্রয়ের চুক্তি সম্পাদিত হয়েছে এবং অন্যান্য মালামাল ক্রয় প্রক্রিয়া অব্যাহত আছে। মালামাল ক্রয়ের সীমাবদ্ধতা, সরবরাহকারীগণ কর্তৃক যথাসময়ে সরবরাহের ব্যার্থতা ইত্যাদি কারণে সাময়িক ঘাটতি মোকাবেলার স্বার্থে পবিসসমূহের নিজস্ব অর্থায়নে মালামাল ক্রয়ের উদ্যেগে গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়।

৩.১০॥ **ট্যারিফ সংক্রান্ত ঃ**

সম্প্রতি কার্যকর ট্যারিফ এর মাধ্যমে পবিসগুলোর আর্থিক সংকট কেটে যাবে। পবিসগুলোকে একই বাস্কেটে চিন্তা করলে সকল পবিস-ই লাভবান হবে। বানিজ্যিক ও শিল্প গ্রাহকগণকে দ্রুত সংযোগ প্রদানের জন্য সর্বদা তৎপর থাকতে হবে। এ ব্যাপারে আরও উদার হওয়ার নির্দেশনা প্রদান করা হয়। বর্তমান ট্যারিফে গ্রাহকদের মিনিমাম বিল প্রত্যাহার করা হয়েছে। বিদ্যুৎ বিল কমানোর লক্ষ্যে একই ঘরে যেন একাধিক মিটার স্থাপিত না হয় সে বিষয়ে সতর্ক থাকতে হবে ।

৩.১১॥ পোল ইয়ার্ড সংক্রান্ত ঃ

২০১৮ সালের মধ্যে শতভাগ বিদ্যুতায়ন কাজ সম্পাদনের লক্ষ্যে ক্রয়কৃত খুটিসমূহ মজুদ এর জন্য বিভিন্ন পবিস কর্তৃক পোল ইয়ার্ড ভাড়ার প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। শতভাগ বিদ্যুতায়নের কাজ সম্পন্ন হলে পোলের চাহিদা কমে আসবে। তাই পোল ইয়ার্ডসমূহ ০২(দুই) বৎসরের অধিক মেয়াদের জন্য ভাড়া গ্রহণ না করার নির্দেশনা প্রদান করা হয়। নিরাপত্তার স্বার্থে পোল ইয়ার্ড সমূহে প্রয়োজনে সার্বক্ষনিক পাহারাদার নিয়োজিত করা যেতে পারে। এ বিষয়ে সমিতিগুলোকে প্রস্তাবনা প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়।

৪.০০॥ **সিদ্ধান্ত ঃ সার্বিক পর্যালোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ**

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ৪.১ | কুমিল্লা পবিস-১ এর সকল উপজেলা সেপ্টেম্বর'১৮- এর মধ্যে শতভাগ বিদ্যুতায়নের স্বার্থে উক্ত পবিসের অনুকুলে প্রতিমাসে ৩ হাজার করে ১৮ হাজার পোল বরাদ্দের ব্যবস্থা করতে হবে। | এমপিএসএস পরিদপ্তর; তত্ত্বাবধায়ক প্রকৌশলী; নির্বাহী প্রকৌশলী; সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার। |
| ৪.২ | ফেনী হতে ঢালুয়া পর্যন্ত ৩৩ কেভি লাইনটি ফেব্রুয়ারী'১৮ এর মধ্যে সমাপ্ত করাসহ আগামী শুক্রবার ও শনিবার কুমিল্লা পবিস-১/২ এর সহযোগিতায় কুমিল্লা পবিস-৪ কর্তৃক জাঙ্গালিয়া গ্রীড হতে ১.৫ কিঃমিঃ ৩৩ কেভি ট্রিপল সার্কিট লাইন নির্মাণ কাজ সম্পন্ন করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী; নির্বাহী প্রকৌশলী; সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার; উপদেষ্টা প্রতিষ্ঠান। |
| ৪.৩ | কুমিল্লা পবিস-২ এর চৌদ্দগ্রাম উপজেলা শতভাগ বিদ্যুতায়ন কাজ মার্চ/১৮ এর মধ্যে সমাপ্ত করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী; নির্বাহী প্রকৌশলী; সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার; উপদেষ্টা প্রতিষ্ঠান; ঠিকাদারী প্রতিষ্ঠান। |
| ৪.৪ | আরইই-সিএসডিপি-২ প্রকল্পের আওতায় কুমিল্লা পবিস-২ এর বি-পাড়া-২ উপকেন্দ্রের জমি অধিগ্রহনের বিষয়টি স্থানীয়ভাবে আলোচনার মাধ্যমে সমাধানের প্রয়োজনীয় ব্যবস্থা নিশ্চিত করতে হবে। | প্রকল্প পরিচালক; তত্ত্বাবধায়ক প্রকৌশলী; নির্বাহী প্রকৌশলী; সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার। |
| ৪.৫ | ১.৫ এমসিসিপি প্রকল্পের আওতায় কুমিল্লা পবিস-২ এর বুড়িচং-২ উপকেন্দ্রের জমি অধিগ্রহণের স্থগিতাদেশ Vacate এর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পাশাপাশি জমি ক্রয়ের ব্যবস্থা নিতে হবে। | প্রকল্প পরিচালক; পরিচালক (লিগ্যাল এফেয়ার্স), তত্ত্বাবধায়ক প্রকৌশলী; নির্বাহী প্রকৌশলী; সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার। |
| ৪.৬ | কুমিল্লা পবিস-১/২ কর্তৃক যৌথ আলোচনার মাধ্যমে দেবপুর গ্রীড উপকেন্দ্রে ইউআরইডিএস: ডিসিএসডি প্রকল্পের আওতায় চলমান সুইচিং স্টেশন নির্মাণ কাজের সাথে আরও অতিরিক্ত ২টি ব্রে-ব্রেকার স্থাপনের ব্যবস্থা গ্রহণ করাতে হবে। | প্রকল্প পরিচালক; তত্ত্বাবধায়ক প্রকৌশলী (গ্রীড ও উপকেন্দ্র/কুমিল্লা জোন), নির্বাহী প্রকৌশলী; সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার। |

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ৪.৭ | কুমিল্লা পবিস-৩ এ প্রয়োজনীয় ৫/১০ কেভিএ ট্রান্সফরমার বরাদ্দ/সংগ্রহপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে শতভাগ বিদ্যুতায়নের কাজ সম্পন্ন করতে হবে। | এমপিএসএস পরিদপ্তর;<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী;<br>নির্বাহী প্রকৌশলী;<br>সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার। |
| ৪.৮ | কুমিল্লা পবিস-৩ এর বাঞ্ছারামপুর জোনাল অফিস ও উপকেন্দ্র নির্মাণের জন্য পবিস অর্থায়নে জমি ক্রয়ের কার্যক্রম অব্যাহত রাখতে হবে। এছাড়া, ২০ (বিশ) শতাংশ জমিতে উপকেন্দ্র নির্মাণের প্রস্তাবনা উপকেন্দ্র নির্মান বিভাগে প্রেরণ করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (গ্রীড ও উপকেন্দ্র/কুমিল্লা জোন),<br>নির্বাহী প্রকৌশলী;<br>সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার। |
| ৪.৯ | তিতাস গ্রীডে এপ্রিল/১৮ খ্রিঃ এর মধ্যে ০১টি অতিরিক্ত ৫০/৭৫ এমভিএ ট্রান্সফরমার স্থাপনপূর্বক ক্ষমতা বর্ধনের জন্য পিজিসিবি-বাপবিবো কারিগরী সভায় গৃহীত সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়ন নিশ্চিত করণের প্রযোজ্য ব্যবস্থা গ্রহণ করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (গ্রীড ও উপকেন্দ্র/কুমিল্লা জোন),<br>নির্বাহী প্রকৌশলী;<br>সিনিয়র জেনারেল ম্যানেজ '<br>জেনারেল ম্যানেজার। |
| ৪.১০ | কুমিল্লা পবিস-৪ এর লাকসাম উপজেলা মার্চ'১৮ এর মধ্যে এবং মনোহরগঞ্জ উপজেলা জুন'১৮ খ্রিঃ এর মধ্যে শতভাগ বিদ্যুতায়ন কাজ সম্পন্ন করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী;<br>নির্বাহী প্রকৌশলী;<br>সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার;<br>উপদেষ্টা প্রতিষ্ঠান;<br>ঠিকাদারী প্রতিষ্ঠান। |
| ৪.১১ | ১০০% (ডিএমসিএস) প্রকল্পে কুমিল্লা পবিস-৪ এর সদর দপ্তর কমপ্লেক্সের ভূমি অধিগ্রহন কাজ দ্রুততার সাথে সম্পন্ন করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক;<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী;<br>নির্বাহী প্রকৌশলী;<br>সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার। |
| ৪.১২ | চাঁদপুর পবিস-১ এর আওতাভুক্ত উপজেলাসমূহ নির্ধারিত সময়ে শতভাগ বিদ্যুতায়নের স্বার্থে ৩০০ কিমিঃ সার্ভিস ড্রপ তার ও ২ হাজার বিভিন্ন সাইজের খুটি বরাদ্দের ব্যবস্থা করতে হবে। | এমপিএসএস পরিদপ্তর;<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী;<br>নির্বাহী প্রকৌশলী;<br>সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার। |
| ৪.১৩ | সিডিউল মোতাবেক চাঁদপুর পবিস-২ এর আওতাভুক্ত উপজেলাসমূহ নির্ধারিত সময়ে শতভাগ বিদ্যুতায়নের কাজ সম্পন্ন করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী;<br>নির্বাহী প্রকৌশলী;<br>সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার;<br>উপদেষ্টা প্রতিষ্ঠান;<br>ঠিকাদারী প্রতিষ্ঠান। |
| ৪.১৪ | চাঁদপুর পবিস-২ এর সদর দপ্তরের জমি পবিস অর্থায়নে জেলা প্রশাসকের মাধ্যমে অধিগ্রহনের বিষয়টি জেলা প্রশাসকের দপ্তরের সাথে আলোচনাপূর্বক এতদসংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী;<br>নির্বাহী প্রকৌশলী;<br>সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার। |

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ৪.১৫ | সকল পবিস-এর বিতরণ ট্রান্সফরমার জানুয়ারী-২০১৮ এর মধ্যে ওভারলোডমুক্ত করতে হবে। ওভারলোডিং ধারাবাহিক ভাবে সৃষ্টি হয় বিধায় প্রতি মাসে বিতরণ ট্রান্সফরমার আপগ্রেড পূর্বক ওভারলোডমুক্ত রাখতে হবে। | সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার। |
| ৪.১৬ | যথাসময়ে শতভাগ বিদ্যুতায়নের স্বার্থে পুনরায় চাঁদপুর জেলার জেলা প্রশাসক ও পুলিশ সুপারের সাথে সাক্ষাৎপূর্বক পোল পরিবহনের সমস্যা সমাধানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী; নির্বাহী প্রকৌশলী; সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার। |
| ৪.১৭ | সকল পবিস কর্তৃক নিজস্ব অর্থায়নে ঘাটতি মালামাল ক্রয়ের উদ্যেগ গ্রহণ করতে হবে। | সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার। |
| ৪.১৮ | বিদ্যুৎ বিল কমানোর লক্ষ্যে একই পরিবারে একাধিক মিটার সংযোগ প্রদান করা যাবে না। এ বিষয়ে সকল পবিস-কে সর্তকতা অবলম্বন করতেত হবে। | সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার। |
| ৪.১৯ | পোল ইয়ার্ড ভাড়া গ্রহণের ক্ষেত্রে ০২(দুই) বৎসরের অধিক চুক্তি করা যাবে না। প্রয়োজনে পোল ইয়ার্ডসমূহে সার্বক্ষণিক পাহারাদার নিয়োজিত করার প্রস্তাব প্রেরণ করা যাবে। | সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার। |

৫.০॥ আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মেজর জেনারেল মঈন উদ্দিন (অবঃ))
চেয়ারম্যান

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ প্রযোজ্যতা অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।

১। সদস্য (প্রশাসন/ অর্থ/বিতরণ ও পরিচালন/ পরিকল্পনা ও উন্নয়ন/ সমিতি ব্যবস্থাপনা), বাপবিবো, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী (প্রকল্প/পওপ)/নির্বাহী পরিচালক/ নিয়ন্ত্রক (অর্থ ও হিসাব)/ প্রকল্প পরিচালক, ইউআরইডিএস:ডিসিএসডি /১.৫ এমসিসিপি/ ১০০% ডিএনইএস (ডিএমসিএস/আরআরকেবি) প্রকল্প বাপবিবো, ঢাকা।
৩। অতিরিক্তি প্রধান প্রকৌশলী, বাপবিবো, ঢাকা।
৪। প্রকল্প পরিচালক, আরইই-ডিডিপি-২/সিএসডিপি-২/আরআরডিপি-২/ কেডিপি-২/ বিডিপি-২/ এসডিপি এন্ড আইডি/ ইউআরআইডিএস(ডিএমসিএস/আরআরকেবি)/৭০,০০০ ওএলডিটি/২.৫ এমসিসিপি/পিপিএম, বাপবিবো, ঢাকা।
৫। পরিচালক (এমপিএসএস/সিএসএন্ডএম/এসইএন্ডডি/আইটি/আইসিটি/সিষ্টেম অপারেশন (কেঃঅঃ)/কার্যক্রম পরিকল্পনা/ প্রশিক্ষণ/ পবিস উঃওপঃ (কেঃঅঃ/উঃঅঃ/দঃঅঃ/পূঃঅঃ) পরিদপ্তর/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (গ্রীড ও উপকেন্দ্র/ এনার্জি অডিট এন্ড ট্যারিফ/ গবেষনা ও উন্নয়ণ/ জেনারেশন/ জিআইএস/ পরিবেশ ও সামাজিক ব্যবস্থাপনা) বাপবিবো, ঢাকা।
৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/ময়মনসিংহ/চট্টগ্রাম/কুমিল্লা/রাজশাহী/বগুড়া/ রংপুর/ যশোর/ ফরিদপুর/বরিশাল/ সিলেট জোন, বাপবিবো।
৭। উপ-প্রকল্প পরিচালক, ১.৫ এমসিসিপি/ ১০০% ডিএনইএস (ডিএমসিএস/আরআরকেবি), বাপবিবো, ঢাকা।
৮। নির্বাহী প্রকৌশলী, ------------------------------------------------------------------------,বাপবিবো।
৯। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
১০। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, --------------------------------------পবিস-১/২/৩/৪।
১১। স্থানীয় বৈদ্যুতিক উপদেষ্টা প্রতিষ্ঠান মেসার্স---------------------------------------------পবিস-১/২/৩/৪।
১২। ঠিকাদারী প্রতিষ্ঠান, মেসার্স----------------------------------------------------------------------------।